গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৪ শাখা
www.mowr.gov.bd

আন্দামান সাগর ও তৎসংলগ্ন দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর এলাকায় সৃষ্ট লঘুচাপের বিষয়ে আগাম প্রস্তুতি এবং দূর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে অনুষ্ঠিত জরুরী সভার রেকর্ড নোটস্।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৪ অক্টোবর ২০২২
সভার সময়	বেলা ১২ঃ৩০ ঘটিকা
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব কবির বিন আনোয়ারের সভাপতিত্বে আন্দামান সাগর ও তৎসংলগ্ন দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর এলাকায় সৃষ্ট লঘুচাপের বিষয়ে আগাম প্রস্তুতি এবং দূর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে উপকূলীয় এলাকার জেলাসমূহের জেলা প্রশাসক ও সভাপতি, জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে একটি জরুরী সভা ২৪/১০/২০২২ তারিখ বেলা ১২.৩০ ঘটিকায় অনলাইন কনফারেন্স এ্যাপ (Zoom) এর মাধ্যমে অনুষ্ঠিত হয়।

০২। উক্ত সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

২.১ দেশের দক্ষিণাঞ্চল, দক্ষিণ-পশ্চিমাঞ্চল এবং দক্ষিণ-পূর্বাঞ্চল এলাকার ঘূর্ণিঝড় আঘাত হানার সম্ভাবনা থাকার কারণে সংশ্লিষ্ট সকলকে সর্বাত্মক সর্তক থাকতে হবে এবং পর্যাপ্ত প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে।

২.২ ঘূর্ণীঝড় কবলিত জেলাসমূহের নাজুক এলাকা চিহ্নিত করে দ্রুত এলাকাবাসীকে নিরাপদ আশ্রয়ে/আশ্রয়কেন্দ্রে সরিয়ে নিতে হবে। জরুরী পরিস্থিতি বিবেচনায় রেডক্রসেন্ট ও ফায়ার সার্ভিসের সহায়তা গ্রহণ করতে হবে।

২.৩ ঘূর্ণীঝড় কবলিত জেলাসমূহের ঝুঁকিপূর্ণ বাঁধ চিহ্নিত করে ঐ এলাকায় পর্যাপ্ত লোকবল নিয়োজিত করতে হবে। ঐ সকল এলাকায় উন্নয়ন প্রকল্পের ঠিকাদারগণকে প্রকল্প এলাকায় প্রয়োজনীয় সরঞ্জামসহ উপস্থিত থাকার জন্য নির্দেশনা দিতে হবে। ঘূর্ণীঝড় কবলিত এলাকায় মজুত জিও ব্যাগ/সিন্থেটিক ব্যাগের পাশাপাশি প্রয়োজনে অন্যান্য জেলা হতে জিও ব্যাগ সংগ্রহ করতে হবে।

২.৪ বাঁধ ভেঙ্গে এলাকায় পানি প্রবেশ করলে বাপাউবো'র পক্ষ হতে প্রতি পরিবারে ৫ লিটার বোতলজাত পানি এবং শুকনা খাবার সরবরাহের উদ্যোগ নিতে হবে। পর্যাপ্ত পরিমাণে বিশুদ্ধ খাবার পানি, শুকনা খাবার এবং নৌযান প্রস্তুত রাখতে হবে।

২.৫ সম্ভাব্য ঘূর্ণিঝড়ের এলাকায় বাপাউবো'র সকল পর্যায়ের কর্মকর্তাগণ সাইট পরিদর্শন করবেন।

২.৬ ঘূর্ণিঝড় উপদ্রুত এলাকার সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ এলাকায় অবস্থান করবেন এবং কোন অবস্থাতেই কর্মস্থল ত্যাগ করা যাবে না এবং ছুটি বাতিল করতে হবে।

২.৭ ঘূর্ণিঝড় উপদ্রুত এলাকার নির্বাহী প্রকৌশলীগণ স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সাথে নিয়মিত যোগাযোগ রাখবেন, যাতে প্রয়োজনের সময় জনবল সহ পর্যাপ্ত সহায়তা পাওয়া যায়।

২.৮ ঘূর্ণিঝড় মোকাবেলার জন্য গৃহীত পদক্ষেপের বিষয়ে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি এবং মাননীয় সংসদ সদস্য পর্যায়ে অবহিত করবেন। গণমাধ্যমকে গৃহীত ব্যবস্থা বা পরিস্থিতি সম্পর্কে অবহিত করতে হবে।

২.৯ ঘূর্ণিঝড় পরবর্তী অতিবৃষ্টির কারণে বন্যা পরিস্থিতির উদ্ভব হতে পারে বিষয়টি বিবেচনায় রেখে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

কবির বিন আনোয়ার

সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৭.০৬.০০২.২২.১৯৮

তারিখ: ৮ কার্তিক ১৪২৯

২৪ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পানি সম্পদ মন্ত্রণালয়ের সকল সংস্থা প্রধান

২) বিভাগীয় কমিশনার, খুলনা/বরিশাল/ঢাকা/চট্টগ্রাম

৩) জেলা প্রশাসক,
যশোর/চাঁদপুর/খুলনা/সাতক্ষীরা/ভোলা/ঝালকাঠি/বাগেরহাট/নোয়াখালী/গোপালগঞ্জ/পটুয়াখালী/শরীয়তপুর/নড়াইল/ফেনী/লক্ষ্মীপুর/পিরোজপুর/বরগুনা/বরিশাল/চট্টগ্রাম

৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।

৫) পুলিশ সুপার , (বাগেরহাট, বরগুনা, বরিশাল, ভোলা, চাঁদপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ফেনী, গোপালগঞ্জ, যশোর, ঝালকাঠি, খুলনা, লক্ষীপুর, নড়াইল, নোয়াখালী, পটুয়াখালী, পিরোজপুর, সাতক্ষীরা এবং শরীয়তপুর)।

৬) ..... সকল কর্মকর্তা/কর্মচারী, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭) উপসচিব, মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

৮) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

৯) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১১) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয় (সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

তানিয়া ফেরদৌস
সিনিয়র সহকারী সচিব